

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

স্মারক: ৩৩.০১.৪৯৫২.০০০.১৮.০০১.২৬.২০৯

তারিখ: ০৫/০৪/২০২৬ খ্রি।

পরিত্যক্ত ও জরাজীর্ণ ভবন নিলাম বিজ্ঞপ্তি


উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর ০১ টি এমএলএসএস কোয়ার্টার, ০১ টি ভিএস কোয়ার্টার, ০১ টি বুল শেড ভবন নিলামে বিক্রয় করা হবে।

ক্র. নং	ভবনের বিবরণ	উপজেলার নাম	ভবনের সংখ্যা	গুণ ভিত্তিক ভবনের বিবরণ	দরপত্র মূল্য	দরপত্র ক্রয় ও দাখিলের তারিখ
০১	০১ টি এমএলএসএস কোয়ার্টার, ০১ টি ভিএস কোয়ার্টার, ০১ টি বুল শেড ভবন	কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম	০৩ টি	পরিত্যক্ত ও জরাজীর্ণ ভবন	১০০০/- (এক হাজার টাকা মাত্র)	<p>দরপত্র বিক্রয়</p> <p>০৫/০৪/২০২৬ খ্রি. হতে ১৩/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম হতে বিক্রয় করা হবে।</p> <p>দরপত্র দাখিল</p> <p>১৫/০৪/২০২৬ খ্রি. সকাল ১০.০০মি. হতে বিকাল ৩.০০মি. পর্যন্ত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এ রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র গ্রহণ করা হবে।</p>

[বি.দ্র. এ সংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর ওয়েব সাইট www.dls.kurigram sadar.kurigram.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে]

শর্তাবলী:

- শুধুমাত্র উল্লিখিত স্থানে অবস্থিত বর্ণিত জরাজীর্ণ ভবন দরপত্রের আওতাভুক্ত হবে।
- বর্ণিত ভবনটি যেখানে যে অবস্থায় আছে বিক্রয়করা হবে যা ইতোপূর্বে লাল রং দ্বারা নাযারিং করা রয়েছে।
- দরপত্র ক্রয়কারী ২য় শ্রেণীর ঠিকাদার ব্যবসায়ী/বৈধ উপকারভোগী গুণ/ ব্যবহারকারী হতে হবে। দরপত্রের সাথে ২০২৫-২৬ সনের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ঠিকাদারী লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সার্টিফিকেট, হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- জরাজীর্ণ ভবন ক্রেতার নিজ খরচে ভাঙতে হবে ও অপসারণ করতে হবে।
- ভবন ভাঙা ও অপসারণের সময় সর্ভক থাকাতে হবে যাতে সরকারি/বেসরকারি রাস্তা/ভবন/সম্পদের ক্ষতি না হয় এবং রাস্তার লোকজনের চলাচলের কোন অসুবিধা না হয়। ভবন ভাঙা ও অপসারণকালে পাশ্ববর্তী কোন রাস্তা/ভবন/সম্পদ নষ্ট হলে এর ক্ষতিপূরণ ক্রেতাকে বহন করতে হবে।
- সর্বোচ্চ দরদাতাকে অগ্রাধিকার দেয়া হবে।
- দরপত্রের সঙ্গে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অনুকূলে জামানত স্বরূপ ১২,০০০/- (বারো হাজার টাকা মাত্র) বি.ডি/পে-অর্ডার দাখিল করতে হবে যা ফেরত যোগ্য (সর্বোচ্চ দরদাতা ব্যতিত)।
- দরপত্র ক্রয়ে ইচ্ছুক ২য় শ্রেণীর ঠিকাদার ব্যবসায়ী/বৈধ উপকারভোগী গুণ/ব্যবহারকারী গণ দরপত্র ক্রয়ের পূর্বে উল্লিখিত স্থানের ভবনটি (যা লাল রং দ্বারা নামাঙ্কিত) সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে যোগাযোগ করে অবশ্যই সরেজমিনে দেখে নিবেন। পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- প্রতিটি দরপত্রের মূল্য ১০০০/- (এক হাজার টাকা মাত্র) যা অফেরতযোগ্য। দরপত্র আগামী ১৩/০৪/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম হতে বিক্রয় করা হবে। দরপত্র জমা দেয়ার সময় দরপত্র ক্রয়ের রশিদসহ দরদাতার স্বাক্ষরিত দরপত্র জমা দিতে হবে।
- দরপত্র দাখিল আগামী ১৫/০৪/২০২৬ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এ রক্ষিত বাস্তবে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ০৩.১৫ টায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর অফিস কক্ষে সংরক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণকৃত দরপত্রসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- সর্বোচ্চ দরদাতাকে দর অনুমোদনের ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে সমুদয় টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংকে পিএলসি, কুড়িগ্রাম শাখায় জমা এবং উদ্ধৃত মূল্যের ৭.৫% আয়কর ও ১৫% ভ্যাট সংশ্লিষ্ট কোড-এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে ভবন নিলামে বিক্রয় কমিটির নিকট হতে ভবন অপসারণের কার্যাদেশ গ্রহণ করে ভবনটি ২০ (বিশ) দিনের মধ্যে অপসারণ করতে হবে। অন্যথায় জামানতের সমুদয় টাকা বাজেয়াপ্ত হবে।
- ভবন অপসারণকালে ভবন নিলাম কমিটি সদস্যের উপস্থিতি ও ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে ভবন অপসারণ করা যাবে না।
- দরপত্র খোলার দিন হতে ভবনের রক্ষণাবেক্ষণ ও বিক্রিত ভবনের দ্রব্য হেফাজতের পূর্ণ দায়িত্ব ক্রেতার উপর থাকিবে। নিলাম ব্যতিত অন্য কোন ভবনের ক্ষতি হলে তার দায়ভার সংশ্লিষ্ট ক্রেতাকে বহন করতে হবে।
- দরপত্র বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(ডাঃ মোঃ কামরুল ইসলাম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

ও
সদস্য সচিব,
ফনডেমড ভবন নিলাম কমিটি।